(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/সংস্থাপন/আপিল এন্ড আরবিট্রেশন/৫৮৬/৩ তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩১ / ২৬ নভেম্বর ২০২৪

বিষয় : রাঙ্গামাটি জেলার কাউখালি উপজেলাধীন বেতবুনিয়া মূঈনুল উলুম রেজভিয়া সাইদীয়া দাখিল মাদ্রাসার সুপার এ এস এম আলাউদ্দিন এর চাকুরী থেকে অপসারণ অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সূত্র : মাদ্রাসা কর্তৃপক্ষের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি জেলার কাউখালি উপজেলাধীন বেতবুনিয়া মূঈনুল উলুম রেজভিয়া সাইদীয়া দাখিল মাদ্রাসার সুপার এ এস এম আলাউদ্দিন এর চাকুরী থেকে বরখাস্ত অনুমোদনের বিষয়টি গত ০৪/০৯/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত বোর্ডের আপিল ও সালিশ কমিটির সভায় উপস্থাপন করা হয়।

০৪/০৯/২০২৪ খ্রি. রোজ বুধবার অনুষ্ঠিত আপিল ও সালিশ কমিটির সভায় উভয় পক্ষ উপস্থিত হন। উভয় পক্ষের উপস্থিতিতে সুপার এ এস এম আলাউদ্দিন এর বিরুদ্ধে আনীত অভিযোগ বিষয়ে আলোচনা ও কাগজপত্র পর্যালোচনা হয়। পর্যালোচনান্তে জনাব এ এস এম আলাউদ্দিন এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের সত্যতা প্রমাণিত হয়। আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য বেসরকারি মাদ্রাসা শিক্ষকগণের চাকুরির শর্ত বিধিমালা-১৯৭৯ এর বিধি-১৪(১) অনুসারে কারন দর্শানোসহ বিধি-১৪(২) ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের প্রজ্ঞাপন নং-বামাশিবো/সংস্থা/৮১৫-ও-১/১৪(১৪) সার্বিক (খ); তারিখ: ২৫.১০.২০১২ খ্রি. অনুসারে তদন্ত কমিটি গঠন করা হয়।

বর্ণিত অবস্থায় আপিল ও সালিশ কমিটির সুপারিশের প্রেক্ষিতে এ এস এম আলাউদ্দিন এর বিরুদ্ধে বেসরকারি মাদ্রাসা শিক্ষকগণের চাকরির শর্ত বিধিমালা-১৯৭৯ এর বিধি-১১ (ই)- এ উল্লেখিত শাস্তি (চাকুরী থেকে বরখাস্ত) আরোপের বিষয়টি অনুমোদন করা হলো এবং বিধি ১২ অনুযায়ী কর্তৃপক্ষকে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৬/১২/২৪

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)
ও
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপকঃ
১) সভাপতি, পরিচালনা কমিটি, বেতবুনিয়া মূঈনুল উলুম রেজভিয়া সাইদীয়া দাখিল মাদ্রাসা, কাউখালী, রাঙ্গামাটি;
২) সুপার/ভারপ্রাপ্ত সুপার, বেতবুনিয়া মূঈনুল উলুম রেজভিয়া সাইদীয়া দাখিল মাদ্রাসা, কাউখালী, রাঙ্গামাটি;
৩) এ এস এম আলাউদ্দিন, বেতবুনিয়া মূঈনুল উলুম রেজভিয়া সাইদীয়া দাখিল মাদ্রাসা, কাউখালী, রাঙ্গামাটি।

নং-বামাশিবো/সংস্থাপন/আপিল এন্ড আরবিট্রেশন/৫৮৬/৯ তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩১ / ২৬ নভেম্বর ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা ;
২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা;
৩। জেলা শিক্ষা অফিসার, রাঙ্গামাটি;
৪। উপজেলা নির্বাহী অফিসার, কাউখালী, রাঙ্গামাটি;
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাউখালী, রাঙ্গামাটি;
৬। সদস্যবৃন্দ-পরিচালনা কমিটি, বেতবুনিয়া মূঈনুল উলুম রেজভিয়া সাইদীয়া দাখিল মাদ্রাসা, কাউখালী, রাঙ্গামাটি;
৭। ম্যানেজার, সোনালী/রুপালী/জনতা/অগ্রণী ব্যাংক লি:......................শাখা, কাউখালী, রাঙ্গামাটি;
৮। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯। অফিস কপি।

০৬/১২/২৪

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)
ও
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd